

শেখনজটে নাকাল জাতীয় বিশ্ববিদ্যালয়
প্রিলিমিনারির ফল প্রকাশের আগেই
মাস্টার্স শেষ পর্বে ভর্তি শেষ

- ৪ বছরের অনার্স কোর্স শেষ হচ্ছে ৮ বছরে
- ২ বছরের মাস্টার্স কোর্স শেষ ৬ বছরে

হাকিব উদ্দিন

তায়্যুদুল ইসলাম জাতীয় বিশ্ববিদ্যালয়ের (জাবি) অধিভুক্ত সরকারি তিতুমীর কলেজে ২০০৮-৯ শিক্ষাবর্ষে রাষ্ট্রবিজ্ঞান বিভাগে মাস্টার্স কোর্সে ভর্তি হয়েছিলেন। তার মাস্টার্স প্রিলিমিনারি (১ম পর্ব) পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে গত জানুয়ারিতে। গত সাত

মাসেও ফল প্রকাশ করতে পারেনি জাবি কর্তৃপক্ষ। অথচ গত ২৫ জুলাই জারি করা জাবির সার্কুলার অনুযায়ী তায়্যুদুল ইসলামকে মাস্টার্স ফাইনাল পর্বে ভর্তি হতে হয়েছে তিন হাজার টাকা ফি দিয়ে। তার মতো শামীমা ইমাম, নায়লা আক্তারসহ প্রায় তিন শতাধিক শিক্ষার্থীকে ওই কলেজে একই ভর্তি : পৃষ্ঠা : ১৫ ক : ৭

ভর্তি : শেষ

(১ম পৃষ্ঠার পর)

বিভাগে আগাম ভর্তি হতে হয়েছে। গতকাল তাদের ভর্তি কার্যক্রম শেষ হয়েছে।

২০০৯-২০১০ শিক্ষাবর্ষে স্নাতকোত্তর শেষ পর্ব কোর্সে ভর্তি বিলম্বিত হতে বলা হয়েছে, ২০০৯ সালের স্নাতকোত্তর ১ম পর্ব পরীক্ষায় অবতীর্ণ শিক্ষার্থীরাও সাময়িক ভর্তি হতে পারবেন। তবে যারা পরবর্তীতে ১ম পর্ব পরীক্ষায় উত্তীর্ণ হতে পারবে না তাদের ভর্তি বয়সক্রিয়ভাবে বাতিল হবে। কিন্তু ভর্তি ফি ফেরত পাবে না শিক্ষার্থীরা। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের এ ধরনের অনৈতিক শিকা বাস্তবায়ন নিয়ে ক্ষোভ প্রকাশ করেছেন শিক্ষার্থীরা। তারা বলেন, এমনিতেই দুই বছরের মাস্টার্স কোর্স শেষ হচ্ছে ছয় বছরে। এতে নাতিশাস ওঠেছে শিক্ষার্থীদের। তারপরও এবার ছাত্রছাত্রীদের নিয়ে চলছে বাস্তবায়ন। এ বিষয়ে জানতে চাইলে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ডিন ড. এন.এম আবু হায়দার 'সংবাদ'কে বলেন, 'শেখনজটে ঘটে না হয়।' সেন্সনাই মাস্টার্স প্রিলিমিনারিতে অংশ নেয়া শিক্ষার্থীদের চূড়ান্ত পর্বে আগাম ভর্তির সুযোগ দেয়া হয়েছে। এতে কেউ অকৃতকার্য হলে খাতাবিকভাবেই তার চূড়ান্ত পর্বের ভর্তি বাতিল হবে। এতে আমাদের কী বা করার আছে? তিনি জানান, দু'দিন দিনের মধ্যেই মাস্টার্স প্রিলিমিনারির ফল প্রকাশ হবে।

শেখন জটের বিষয়ে ডিন ড. আবু হায়দার বলেন, 'মূলত পরীক্ষা গ্রহণের পর যখনমধ্যে ফল প্রকাশ না করতে পারার জন্যই শেখন জটের কারণে পড়ছে জাতীয় বিশ্ববিদ্যালয়'। দীর্ঘদিনের এই শেখন জট নিরসনের জন্য উপায় বিবেচনা উদ্যোগ গ্রহণ করেছেন বলেও তিনি জানান। প্রসঙ্গত, যারা অনার্স কোর্স সম্পন্ন করে মাস্টার্সে ভর্তি হয় তাদের এক বছর এবং যারা ডিগ্রি (পাস কোর্স) সম্পন্ন করে হয় তাদের দু'বছরে মাস্টার্স কোর্স পড়তে হয়। জানা গেছে, সরকারি কলেজে মাস্টার্স ফাইনাল পর্বে ভর্তি নেয়া হচ্ছে দুই হাজার ৬০০ থেকে তিন হাজার টাকা পর্যন্ত। বেসরকারি কলেজে ভর্তি ফি নেয়া হচ্ছে সাত থেকে ১০ হাজার টাকা পর্যন্ত। হাবিবুল্লাহ বাহার কলেজে মাস্টার্স ফাইনাল পর্বে ভর্তি ফি নেয়া হচ্ছে সাত হাজার ৬০০ টাকা।

এক পরীক্ষা শেষ হতে না হতেই আরেক পরীক্ষা : বিশ্ববিদ্যালয়ের অধীনে অনার্স তৃতীয়-বর্ষের ফাইনাল পরীক্ষা শুরু হয়েছে গত ৮ আগস্ট। 'যেসব শিক্ষার্থী গত সেখানে তৃতীয় বর্ষে প্রত্যাশিত নম্বর পায়নি, তাদের মনেকৈই পুনরায় তৃতীয়

বর্ষে (ইন্সট্রুমেন্ট) পরীক্ষায় অংশ নিচ্ছে। কিন্তু এরমধ্যেই শুরু হয়েছে চতুর্থ বর্ষে ভর্তির কর্ম পূরণ কার্যক্রম, যা চলবে ২৮ আগস্ট পর্যন্ত। ফলে যেসব শিক্ষার্থী ইন্সট্রুমেন্ট পরীক্ষায় অংশ নিচ্ছে, তাদের একইসঙ্গে চতুর্থ বর্ষে ভর্তির জন্য কর্ম পূরণও করতে হচ্ছে।

এ বিষয়ে সরকারি তিতুমীর কলেজের অধ্যক্ষ প্রফেসর দিয়ারা হুটিঙ্গ পতকাদি 'সংবাদ'কে বলেন, 'প্রিলিমিনারি পরীক্ষার ফল প্রকাশের আগে আমরা মাস্টার্স চূড়ান্ত পর্বে আগাম ভর্তি নিতে চ্যামনি। কিন্তু জাতীয় বিশ্ববিদ্যালয়ের নিয়মতো না মেনে 'পারি না'। তিনি আরও বলেন, 'পরীক্ষার বাতা যখনমধ্যে মূল্যায়ন করতে না পারা এবং জাবির লোকবল 'খরতার জন্যই শেখন জট হচ্ছে'।

জাবির অনার্স ও মাস্টার্স কোর্সের বিভিন্ন পরীক্ষার বাতা মূল্যায়ন করেন এমন কয়েকজন কলেজ শিক্ষক 'সংবাদ'কে বলেন, 'বাতা যখনমধ্যে মূল্যায়ন করে জাবিতে পাঠালেও কর্তৃপক্ষ বাতার সম্মতিভিত্তি নিরূপিত পরিপোষ করে না। ফলে শিক্ষকরা বাতা মূল্যায়নে অসীয়া দেবায়। অনেক কলেজের শিক্ষক এক বছর কিংবা দু'বছর আগে বাতা মূল্যায়নের সম্মতি জতা এখনও পায়নি'।

শেখন জটে নাকাল শিক্ষার্থীরা : ২০০৬-২০০৭ সেশনে (জানুয়ারি থেকে মার্চ) অনার্স ১ম বর্ষে ভর্তি হয়েছিল, তাদের চতুর্থ বর্ষের পরীক্ষার কর্ম পূরণ কার্যক্রম এখন চলছে। তা আগামী ২৮ আগস্ট পর্যন্ত অব্যাহত থাকবে। কিন্তু চলতি বছরে তাদের অনার্স ফাইনাল পরীক্ষা হলেও ফলাফল প্রকাশ হতে পারে ২০১৩ সালের মাঝামাঝি সময়ে। এতে দেখা যাচ্ছে, চার বছরের অনার্স কোর্স সম্পন্ন হচ্ছে আট বছরে। এ বিষয়ে জানতে চাইলে জাবির পরীক্ষা নিয়ন্ত্রক বন্দরেন্দ্রাক্ষরান গতকাল 'সংবাদ'কে বলেন, 'শেখন জট সম্পর্কে গণমাধ্যমে যে তথ্য প্রচার হচ্ছে বাস্তব চিত্র সম্পূর্ণ ভিন্ন। কারণ চার বছরের অনার্স কোর্স শেষ করতে বড়জোড় ৮/৯ মাস শেখন হটে হচ্ছে। এর ফল কারণ হলো এইচএসসির ফল প্রকাশের পর সব পাবলিক বিশ্ববিদ্যালয়ের ভর্তি কার্যক্রম শেষ হওয়ার পর আমরা ভর্তি কার্যক্রম শুরু করি। এতে প্রায় এক বছর চলে যায়'। তিনি জানান, 'এবার একাত্তমিক কাউন্সিলের সভায় সিদ্ধান্ত হয়েছে, এখন অনার্স ফাইনাল পর্বের পরীক্ষা শেষ হওয়ার পরপরই মাস্টার্সে ভর্তি নেয়া হবে'। জানা গেছে, মাত্র ৪৫০টি কলেজ নিয়ে জাতীয় বিশ্ববিদ্যালয়ের যাত্রা শুরু হয় ১৯৯২ সালে।